# কুরআন-সুন্নাহর আলোকে ইসলামী আকীদা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায়: আরকানুল ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ৫. ১২. ২. কিয়ামতের আলামত বা পূর্বাভাস

কিয়ামতের সময় আল্লাহ মানুষকে জানান নি, তবে কিয়ামতের বিষয়ে কিছু পূর্বাভাস তিনি জানিয়েছেন। কুরআন কারীমে বলা হয়েছে:

فَهَلْ يَنْظُرُونَ إِلا السَّاعَةَ أَنْ تَأْتِيَهُمْ بَغْتَةً فَقَدْ جَاءَ أَشْرَاطُهَا فَأَنَّى لَهُمْ إِذَا جَاءَتْهُمْ ذِكْرَاهُمْ

‘‘তারা কি কেবল এজন্য অপেক্ষা করছে যে, কিয়ামত তাদের নিকট এসে পড়ুক আকস্মিকভাবে? কিয়ামতের লক্ষণসমূহ তো এসেই পড়েছে! কিয়ামত এসে পড়লে তারা উপদেশ গ্রহণ করবে কেমন করে?’’[1]

কিয়ামতের বিষয়ে কুরআন কারীমে ও হাদীস শরীফে বিভিন্ন পূর্বভাস উল্লেখ করা হয়েছে, যেগুলি মুমিন সরল অন্তকরণে সহজভাবে বিশ্বাস করেন। কুরআন ও হাদীসের আলোকে আলিমগণ এগুলি মধ্যে কিছু বিষয়কে ‘আলামাত সুগরা’ (العلامات الصغرى) অর্থাৎ ‘‘ক্ষুদ্রতর আলামত’ বা ‘সাধারণ আলামত’ এবং কিছু বিষয়কে ‘আলামাত কুবরা’ (العلامات الكبرى) অর্থাৎ ‘বৃহত্তর আলামত’ বা বিশেষ আলামত বলে উল্লেখ করেছেন।

### ফুটনোট

[1] সূরা (৪৭) মুহাম্মাদ: ১৮ আয়াত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13681

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন